

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১০০৯

৭/ যাকাত ও সাদকা

পরিচ্ছেদঃ ভিক্ষাবৃত্তি থেকে দূরে থাকা এবং অপরকে দান করার প্রতি উৎসাহ দেওয়া প্রসঙ্গে

আরবী

عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفِ قَالَ: إِنَّ رَسُولَ اللهِ عَلَيْ قَالَ ثَلَاثٌ وَالَّذِي نَفْسُ مُحَمَّد بِيَدِهِ إِنْ كُنْتُ لَحَالِفًا عَلَيْهِنَّ لَا يَنْقُصُ مَالٌ مِنْ صَدَقَةٍ فَتَصَدَّقُوا وَلَا يَعْفُو عَبْدٌ عَنْ مَظْلَمَةٍ يَبْتَغِي بِهَا وَجْهَ اللهِ إِلَّا رَفَعَهُ اللهُ بِهَا وَقَالَ أَبُو سَعِيدٍ مَوْلَى بَنِي هَاشِمٍ إِلَّا زَادَهُ اللهُ بِهَا عِزَّا يَوْمَ الْقِيَامَةِ وَلَا يَفْتَحُ عَبْدٌ بَابَ مَسْأَلَةٍ إِلَّا فَتَحَ اللهُ عَلَيْهِ بَابَ فَقْرٍ

বাংলা

(১০০৯) আব্দুর রহমান বিন আউফ (রাঃ) কর্তৃক বর্ণিত, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তিনটি বিষয় এমন রয়েছে—সেই সন্তার কসম যার হাতে আমার প্রাণ আছে—যদি আমি (সেগুলির বাস্তবতার উপরে) শপথ করি (তাহলে অযথা হবে না।) দান করার ফলে মাল কমে যায় না। সুতরাং তোমরা দান কর। যে কোনও বান্দা কারো অন্যায়কে ক্ষমা করে দেবে তার বিনিময়ে আল্লাহ কিয়ামতের দিন সে বান্দার ইজ্জত বৃদ্ধি করবেন। আর যে বান্দা যাচ্ঞার দরজা খুলবে আল্লাহ তার জন্য অভাবের দরজা খুলে দেবেন।

ফুটনোট

(আহমাদ ১৬৭৪, আবৃ য়্যা'লা ৮৪৯, বায্যার ১০৩২, সহীহ তারগীব ৮১৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু 'আওফ (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন